

🗏 আশ-শুআ'রা | Ash-Shu'ara | الشُّعَرَاء |

আয়াতঃ ২৬:১৯০

আরবি মূল আয়াত:

إِنَّ فِي ذَٰلِكَ لَاٰيَمَّ ١٩٠﴾ وَ مَا كَانَ اَكثَرُهُم مُّؤمِنِينَ ﴿١٩٠﴾

নিশ্চয় এতে অনেক নিদর্শন রয়েছে। আর তাদের অধিকাংশই মুমিন ছিল না। — আল-বায়ান এতে অবশ্যই নিদর্শন রয়েছে। কিন্তু তাদের অধিকাংশই বিশ্বাস করে না। — তাইসিরুল এতে অবশ্যই রয়েছে নিদর্শন, কিন্তু তাদের অধিকাংশই মু'মিন নয়। — মুজিবুর রহমান

Indeed in that is a sign, but most of them were not to be believers. — Sahih International

১৯০. এতে তো অবশ্যই রয়েছে নিদর্শন(১), আর তাদের অধিকাংশই মুমিন নয়।

(১) শু'আইব 'আলাইহিস সালাম-এর জাতির ধ্বংসের কথা পবিত্র কুরআনে বিভিন্নভাবে এসেছে। এর কারণ হল, শু'আইব আলাইহিস সালাম-এর জাতির অপরাধ ছিল বিভিন্ন প্রকার। প্রত্যেক প্রকার অপরাধের জন্য তাদের শান্তি হয়েছিল। সুতরাং আল্লাহ্ তা'আলা যখন তাদের কোন অপরাধের কথা উল্লেখ করেছেন, তখন সেখানে সে অপরাধ মোতাবেক শান্তির কথাও উল্লেখ করেছেন। যেমন সূরা আশ-শু'আরায় এসেছে, তারা বলেছিলঃ তুমি যদি সত্যবাদী হও তবে আমাদের জন্য আকাশের টুকরা ফেলে দাও। এর জবাবে আল্লাহ্ তা'আলা তাদের শান্তির কথা উল্লেখ করে বলেনঃ তাদেরকে ছায়ার দিনে শান্তি পেয়ে বসল। [সূরা আশ-শু'আরাঃ ১৮৯] যা তাদের দাবীর সাথে সামঞ্জস্যপূর্ণ। সূরা আল-আ'রাফের ৮৮ নং আয়াতে তারা শু'আইব 'আলাইহিস সালাম ও তার সাথীদেরকে এমন ভয় দেখাল যে, তারা কেঁপে উঠেছিল। তারা বলেছিলঃ "হে শু'আইব! আমরা তোমাকে এবং যারা তোমার উপর ঈমান এনেছে তাদেরকে আমাদের জনপদ থেকে বের করে দেব অথবা তোমরা আমাদের দলে ফিরে আসবে।" তাদের এ কথার জবাবে আল্লাহ তা'আলা তাদের শান্তির কথা উল্লেখ করে বলেছেনঃ "তাদেরকে পেয়ে বসল কম্পন।" [সূরা আল-আরাফঃ ৯১] কিন্তু সূরা হূদের ৮৭ নং আয়াতে তারা শু'আইব 'আলাইহিস সালাম এর সালাত নিয়ে ঠাট্টা করে তাকে অপমান করেছিল। সে ঠাট্টার জবাবে আল্লাহ তা'আলা তাদের শান্তি হিসাবে বলেছেনঃ "তাদেরকে পেয়ে বসল চিৎকার।" [সুরা হুদঃ ৯৪]

তাফসীরে জাকারিয়া

(১৯০) এতে অবশ্যই রয়েছে নিদর্শন, কিন্তু ওদের অধিকাংশই বিশ্বাস করে না।



তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3122

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন